

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

এফই সার্কুলার নং -১৭

আর্থিন ২০, ১৪২২

তারিখঃ -----

অক্টোবর ০৫, ২০১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

চামড়া ও চামড়া জাতীয় পণ্য রপ্তানিতে ঝণপত্রের পাশাপাশি অগ্রিম টিটি  
পদ্ধতিতে প্রাপ্ত রপ্তানি আয়ের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসংগে ।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৫ তারিখ ০৪/০৫/২০১১ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উক্ত সার্কুলারের ‘ক’ অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম টিটি পদ্ধতিতে চামড়া ও চামড়া জাতীয় পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা পরিশোধের ক্ষেত্রে লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) ও প্রত্যয়ন সনদ ইস্যু করতে পারবে। এতদ্ব্যৱস্থাপনে ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা নিম্নরূপে প্রতিষ্ঠাপিত হবে :

“(ক) টিটি’র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধের শর্তটি রপ্তানি ঝণপত্র/ চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। টিটি’র মাধ্যমে অগ্রিম মূল্য প্রাপ্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানি পণ্যের সঠিক মূল্য ও পরিমাণ এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কে রপ্তানি উন্নয়ন ব্যৱো/ বাংলাদেশ ফিনিশড লেদার, লেদারগুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিএফএলএফইএ)/ বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)/ লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন সনদ দ্বারা সমর্থিত হতে হবে।”

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্ব্যৱস্থাপনে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

( মোঃ জাকির হোসেন চৌধুরী )

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০